

হিয়ার মাঝে রিয়া

এ দেশের অনেক তরুণ ভক্তের হিয়ার মাঝে বাস করছেন মডেল কন্যা রিয়া। যদিও নৃত্যশিল্পী হিসাবে তাঁর প্রথম উন্মোচ ঘটে। তবে দর্শক মহলে ব্যাপকভাবে পরিচিত হন মডেল হিসাবে। এ পর্যন্ত প্রায় ডজনখানেক বিজ্ঞাপনচিত্রে মডেল হয়েছেন। দৃষ্টি কেড়েছেন হীরা জুয়েরার্স, লালবাগের হাঁসমার্কী নারকেল তেল, মেরিল ভেসলিন, হেনোলাক্সের বিজ্ঞাপনচিত্রে।

রূপ-লাবণ্যে মৌয়ের কাছাকাছি হওয়া খুব সহজেই দর্শকদের নজর কাড়েন তিনি। অনেকে তাঁকে মৌয়ের ছোট বলে ভুল করেছেন। বলা যায়, এই ভুল ধারণাও রিয়াকে দর্শকদের কাছে গ্রহণযোগ্য করেছে। তবে তিনি নিজেকে নৃত্যশিল্পী হিসাবে পরিচয় দিতে বেশি ভালবাসেন।

ঃ পরিচয় তো মডেল হিসাবেই আপনার প্রতিষ্ঠিত। তাহলে নাচকে এত গুরুত্ব দিচ্ছেন কেন?

—নাচ মিশে আছে আমার অস্তিত্বের সঙ্গে।

ঃ শিল্পের এসব মাধ্যম কি পেশা হিসাবে নেয়ার সময় এসেছে?

—প্যাকেজ আর স্যাটেলাইট চ্যানেলের সুবাদে নাটকে তুলনামূলকভাবে পেশাদারিত্ব বেড়েছে। মডেলিং বা নাচকে পেশা হিসাবে নেয়ার সময় এখনও হয়নি।

ঃ নাচে তেমন প্রচার পাওয়া যাচ্ছে না বলে জনপ্রিয়তার আশায় নৃত্যশিল্পীদের অনেকেই নাচের পাশাপাশি অভিনয়, মডেলিংয়ে ঝুঁকছেন।

—না, এ কথা ঠিক নয়। যেমন আমি আমার কথা বলি। মডেলিং কিংবা অভিনয় আমার শখ। তার অর্থ এই নয় যে, নাচে আমি সুবিধা করতে পারছি না বলে মডেলিং বা অভিনয় করছি।

ঃ তাহলে নৃত্যশিল্পীরা বেরিয়ে আসতে পারছে না কেন?

–নাটক, বিজ্ঞাপনচিত্র প্রতিদিনই প্রচারিত হয় টিভিতে। কিন্তু নাচের অনুষ্ঠান সেভাবে হয় না। এর দায়িত্ব টিভি ও শিল্পী সবার ওপরই বর্তায়। অবশ্য ইদানীং প্রেস কভারেজ ও স্টোরি হচ্ছে নৃত্যশিল্পীদের নিয়ে। ইতিবাচক দিক এটা।

ঃ ইদানীং শিল্পের অন্যান্য মাধ্যমের মতো নৃত্যেও গ্ল্যামারের প্রভাব বেশি দেখা যাচ্ছে। এর কারণ কী বলে মনে করেন?

–আগে কোন মাধ্যমে কেউ এ ব্যাপারে সচেতন ছিলেন না। এখন সচেতন হয়েছেন। নাচে গ্ল্যামারের খুব প্রয়োজন।

ঃ আমাদের দেশে নৃত্যে জাতীয় পর্যায়ে কোন পুরস্কারের ব্যবস্থা নেই। বিষয়টি কিভাবে দেখেন?

–শিল্পকলার এত শক্তিশালী, নান্দনিক মাধ্যমের ক্ষেত্রে এ রকমটা কেন হচ্ছে আমি জানি না। তবে বিষয়টি অবশ্যই ভেবে দেখা উচিত।

ঃ অধিকাংশ ক্ষেত্রে নৃত্যে আপনার সহশিল্পী সোহেল রহমান, কেন?

–বাফায় সোহেল ভাই ছিলেন আমার টিচার। অনেকদিন একসাথে কাজ করার কারণে নাচের ব্যাপারে আমাদের ভাল আন্ডারস্ট্যান্ডিং গড়ে উঠেছে।

ঃ নৃত্যে জুটি প্রথায় বিশ্বাসী আপনি?

–হ্যাঁ। এটা ভাল দিক। দেখা যায় অধিকাংশ প্রোগ্রামের আগে সময় তেমন পাওয়া যায় না। ফলে জুটি হলে কাজের সুবিধা হয়।

ঃ বর্তমান ব্যস্ততা–

–নাটক ‘স্বপ্নপুরুষ’ করলাম অভিনেতা জাহিদ হাসানের সঙ্গে। আমার প্রথম টেলিফিল্ম ‘বেলা শেষে’তে আছেন অভিনেতা মাহফুজ আহমেদ। কক্সবাজারে করে এলাম ‘সানফ্রেন্স্ট’-এর বিজ্ঞাপনচিত্র।

ঃ নাচ কিংবা এ্যাডের মতো নাটকে আপনার উপস্থিতি উল্লেখযোগ্য নয়। এর কারণ কী? অফার পাচ্ছেন না, না কি অন্য কোন কারণে?

–অফার তো পাচ্ছিই। কিন্তু নাটকে ঠিক অতটা আগ্রহ নেই।